সংবাদ

তারিখ ... 28 MAY 2016 ...
পৃষ্ঠা ...২০... কলাম ...৩... ......

# গোপালপুরে শিক্ষক হত্যার প্রতিবাদ

প্রতিনিধি, গোপালপুর (টাঙ্গাইল)

সাম্প্রতিক সময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম, টাঙ্গাইলের দর্জি নিখিল চন্দ্র জোয়ার্দ্দারসহ অন্যান্য অমানবিক হত্যাকাণ্ডের প্রতিবাদ ও দ্রুত সময়ের মধ্যে দুষ্কৃতিকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবিতে মানববন্ধন ও মোমবাতি প্রজ্জ্বলন করা হয়েছে। গত সোমবার বিকেলে টাঙ্গাইলের গোপালপুর থানা মোড় চত্বরে 'জাস্টিস ফর রেজাউল করিম, জাস্টিস্ ফর এভরিওয়ান' স্লোগানে গোপালপুরের সর্বস্তরের জনগণ ব্যানারে এ মানববন্ধন ও মোমবাতি প্রজ্জ্বলনের আয়োজন করে। মানববন্ধনের সমন্বয়ক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সঙ্গীতা আহমেদ জানান, আমার ইংরেজী ডিপার্টমেন্টের স্যার অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী ও গোপালপুরের দর্জি নিখিল চন্দ্র জোয়ার্দ্দারসহ সাম্প্রতিক সময়ে যে সকল হত্যাকাণ্ড সংঘটিত্ব হয়েছে তা নিয়ে এক ধরনের নাটকিয়তা চলছে। মাসের পর মাস পার হলেও বর্বোরোচিত্ব এই ঘটনাগুলোর নিস্পত্তির গড়িমসি আমাদেরকে আন্দাজ করিয়ে দিচ্ছে আমরা ঘুমিয়ে আছি। তাই বৃহত্তর স্বার্থে আন্দোলনের শিখা সমাজের সকল পরিসরে পৌছে দিতেই এই মানববন্ধনের আয়োজন।

মানববন্ধনে অংশ নেয়া শিক্ষক, সাংবাদিক, জনপ্রতিনিধি, মানবাধিকারকর্মী, সুশিল সমাজের নেতৃবৃন্দ ও স্কুল-কলেজ শিক্ষার্থীদের পক্ষ থেকে দ্রুততম সময়ের মধ্যে সকল মানব হত্যাকারীদের যথাযথ তদন্তের মাধ্যমে চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জোর দাবিসহ সবাইকে নিজ নিজ এলাকা থেকে শুরু করে দেশের প্রতিটি অঞ্চলে দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে প্রতিবাদী হওয়ার আহ্বান জানানো হয়।